

📖 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

২২। এক পাত্রে একাধিক লোক খেলে খাবার সময় মনের ভিতর হিংসা রাখবেন না

সবার চেয়ে আপনি বেশী খাবেন---এ সংকল্প করবেন না। মনে মনে সবার চেয়ে আপনি কম খাবেন এ নিয়ত, ইচ্ছা ও চেষ্টা যদি না-ই রাখতে পারেন, তাহলে সকলের সমান খাবেন---এ নিয়ত যেন অবশ্যই রাখেন। খাবার সময় ভালো জিনিসটি আগে-ভাগে তুলে খাবেন না। বড় বড় লোকমা ধরবেন না। একটির জায়গায় দুটি এক সাথে কিছু তুলে খাবেন না। স্বাভাবিকতার সীমা লংঘন করে ঘন ঘন গ্রাস তুলবেন না।

যেহেতু রসূল (ﷺ) সঙ্গীর অনুমতি ছাড়া এক সঙ্গে দুটি করে খেজুর খেতে নিষেধ করেছেন।[1]

ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ২৪৫৫, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০৪৫, প্রমুখ

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=6977>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন